



পরিসংখ্যান বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং- ০১

তারিখঃ ২৭ ফাল্গুন, ১৪২৯ বঙ্গাব্দ
১২ মার্চ, ২০২৩ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

SBS-1 বিবরণী দাখিলের সময়সীমা পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং-০৫/২০১৮ তারিখঃ ১৩ ডিসেম্বর, ২০১৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

বর্ণিত সার্কুলার অনুযায়ী ব্যাংকসমূহ মাসিক ভিত্তিতে সংশ্লিষ্ট মাসের সেক্টরভিত্তিক দায় ও সম্পদের তথ্য SBS-1 বিবরণীর মাধ্যমে পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে অত্র বিভাগে নিয়মিতভাবে দাখিল করে আসছে। SBS-1 বিবরণীর মাধ্যমে ব্যাংকসমূহ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে বাংলাদেশের আর্থিক জরিপ প্রস্তুত করা হয়, যা দেশের মুদ্রানীতি প্রণয়নসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থায় তথ্য প্রেরণে ব্যবহৃত হয়। উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদার প্রেক্ষিতে আর্থিক জরিপের কাজটি দ্রুততর করার লক্ষ্যে উক্ত বিবরণী দাখিলের সময়সীমা ১৫ তারিখের পরিবর্তে ১২ তারিখ পুনঃনির্ধারণ করা হয়েছে। এমতাবস্থায়, ব্যাংকসমূহ কর্তৃক বাংলাদেশ ব্যাংকের পরিসংখ্যান বিভাগে SBS-1 বিবরণী নির্ধারিত সময়ে নিয়মিত এবং নির্ভুলভাবে দাখিলের লক্ষ্যে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত নির্দেশনাগুলো জারি করা হলোঃ

- ১) এপ্রিল, ২০২৩ মাস হতে পরবর্তী মাসগুলোর SBS-1 বিবরণী পরবর্তী মাসের ১২ তারিখের মধ্যে ব্যবহৃত Rationalized Input Template (RIT) এর মাধ্যমে অত্র বিভাগে দাখিল করতে হবে।
- ২) একইভাবে, Offshore Banking Units (OBU) এর SBS-1 বিবরণীও উক্ত সময়ের মধ্যে দাখিল করতে হবে।
- ৩) পরিসংখ্যান বিভাগ সার্কুলার নং-০৬/২০১৪ তারিখঃ ২১ ডিসেম্বর, ২০১৪ এর ০২ নং ক্রমিক অনুযায়ী Supplementary Information on SBS-1 বিবরণীটি এপ্রিল, ২০২৩ মাস হতে দাখিল না করার জন্য নির্দেশনা প্রদান করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন এবং সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ নূরুল ইসলাম)
পরিচালক (পরিসংখ্যান)
ফোনঃ ৯৫৩০৭২০